

## সম্পাদকীয়:

জেগে আছে নাগরিক সংগঠন সুজন-এর বন্ধুরা। করোনাভাইরাসের (কোভিড-১৯) মহামারিতে সারাবিশ্ব যখন বিপর্যস্ত, সারাদেশ যখন অবরুদ্ধ, তখনও বিপন্ন মানুষের পাশে আছে সুজন-এর অসংখ্য নেতা-কর্মী। চরম ঝুঁকি সত্ত্বেও যারা বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়ে ব্যস্ত রয়েছেন, সারাদেশের সুজন-এর সেই সকল বন্ধুদের ছোট ছোট গল্পগুলোকেই আমরা তুলে ধরছি এই ই-নিউজ লেটারে।

## সুজন-নরসিংদী জেলা ও উপজেলা কমিটির যৌথ উদ্যোগ



সুজন-নরসিংদী জেলা ও সদর উপজেলা কমিটির যৌথ উদ্যোগে করোনাভাইরাসের কারণে লকডাউনে থাকা কর্মহীন শ্রমজীবী মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। গত ২৬ এপ্রিল ২০২০-এ, সুজন-নরসিংদী জেলা কমিটির সভাপতি ও আজীবন সদস্য প্রকৌশলী মোশারফ হোসেন এবং নরসিংদী সদর উপজেলা কমিটির সভাপতি ও আজীবন সদস্য মোঃ সফিকুল ইসলাম প্রধানসহ জেলা ও উপজেলা নেতৃত্বদ্বন্দ্ব দৈনিক আয়ের উপর নির্ভরশীল (রিিক্সাচালক, ভ্যানচালক, অটোচালক ইত্যাদি ধরনের) শ্রমজীবী মানুষের মধ্যে রাতের আঁধারে বাড়ি বাড়ি গিয়ে এই খাদ্য সামগ্রী বিতরণ করেন। মোট ১০৫ টি পরিবারের মধ্যে বিতরণকৃত খাদ্য সামগ্রীর মধ্যে ছিল পরিবার প্রতি ৩ কেজি চাল, ১ কেজি ডাল, ১ কেজি আলু, ১ লিটার তেল, ২ কেজি ছোলা বৃট, ৫০০ গ্রাম মুড়ি ও ১ কেজি চিনি। পর্যায়ক্রমে বিভিন্ন এলাকায় ইফতার সামগ্রী বিতরণ করা হবে বলে নেতৃত্বদ্বন্দ্ব জানান।

এছাড়াও গত ১৫ এপ্রিল থেকে প্রতিদিন সাকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সুজন-এর উদ্যোগে নরসিংদী শহরের ঘোড়াদিয়া বনবিভাগ এলাকায় জীবাণুনাশক স্প্রে করা হচ্ছে।

## ঝালকাঠিতে সদা-তৎপর নাছিমা কামাল

সুজন-ঝালকাঠি জেলা কমিটির সাংগঠনিক সম্পাদক ও ঝালকাঠি পৌরসভার পর পর দুইবারের নির্বাচিত কাউন্সিলর নাছিমা কামাল বাংলাদেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর থেকেই সদা-তৎপর রয়েছেন বিভিন্ন কাজে। মার্চের তৃতীয় সপ্তাহে তিনি মানুষকে সচেতন করার জন্য লিফলেট বিতরণের মধ্য দিয়ে তাঁর কার্যক্রম শুরু করেন। এরপর মাস্ক ও হ্যান্ড সেনিটাইজার বিতরণ করেন। মার্চ মাসের শেষ সপ্তাহে জনপ্রতিনিধি হিসেবে প্রথমে



২৫ টি দরিদ্র পরিবারে পরিবার প্রতি ১০ কেজি চাল, ৫ কেজি আলু ও ২ কেজি ডাল বিতরণ করেন। পরবর্তীতে ত্রাণ তৎপরতার অংশ হিসেবে চাল বিতরণ ও রেশনিং পদ্ধতিতে সরকারি উদ্যোগে ১০ টাকা কেজি দরে প্রতি মাসে পরিবার প্রতি ২০ কেজি করে চাল বিতরণের উপকারভোগী নির্বাচন ইত্যাদি কাজে সক্রিয় রয়েছেন।

উল্লেখ্য, জনাব নাছিমা কামাল অতীতে ঝালকাঠি সদর উপজেলা পরিষদের সংরক্ষিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং বর্তমানে দি হাজার প্রজেক্ট-এর পিপিজি'র পিস অ্যান্ডসেডরের দায়িত্ব পালনসহ স্থানীয় বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনে সক্রিয় রয়েছেন।

## পবিত্র রমজানজুড়ে দৈনিক খাবার বিতরণ ঢাকা মহানগরের

পবিত্র রমজান মাসজুড়ে ছিন্নমূল মানুষের মধ্যে দৈনিক একবেলার খাবার বিতরণ শুরু করেছে সুজন-ঢাকা মহানগর কমিটি। গত ২৫ এপ্রিল ২০২০, অর্থাৎ প্রথম রমজান থেকে সুজন-ঢাকা মহানগর কমিটির সাধারণ সম্পাদক ও আজীবন সদস্য জনাব জুবায়েরুল হক ভূঁইয়া নাহিদের উদ্যোগে প্রতিদিন ধানমন্ডি ও জিগাতলা এলাকার ৫০ জন ছিন্নমূল মানুষকে খাবার বিতরণ করা হচ্ছে; যা ৩০ রমজান পর্যন্ত চলবে। জনাব নাহিদ ছাড়াও এই কাজে আর্থিক সহযোগিতা করছেন ডা: ফজলুর রহমান সাজিদ; ডা: সামিয়া জামান, চেয়ারম্যান, ক্রিয়েটিভ বিল্ডার্স; আব্দুল্লাহ সালমান, পরিচালক, ফাউন্ডেশন ফর সোশ্যাল ওয়ার্ক ও জাহিয়া রহমান নামিরা।



## সুনামগঞ্জের চর মহল্লায় মাস্ক ও সাবান বিতরণ



সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন চর মহল্লা ইউনিয়ন সুজন-এর উদ্যোগে গ্রামের মানুষের মধ্যে মাস্ক ও সাবান বিতরণ করা হয়েছে। গত ২০ এপ্রিল ২০২০, সুজন-চর মহল্লা ইউনিয়ন কমিটির সভাপতি জনাব আব্দুল হাই, সম্পাদক জনাব আকবর আলী ও কোষাধ্যক্ষ জনাব বুরহান উদ্দিনের নেতৃত্বে ইউনিয়নের বেশ কয়েকটি গ্রামে ২০০ দরিদ্র পরিবারে এই মাস্ক ও সাবান বিতরণ করা হয়।